

বাংলাদেশ দূতাবাস
ওয়ারশ, পোল্যান্ড



AMBASADA LUDOWEJ REPUBLIKI
BANGLADESZU
WARSZAWA, POLSKA

EMBASSY OF THE PEOPLE'S REPUBLIC OF
BANGLADESH
WARSAW, POLAND

নং-১৯.০১.৪৮০১.১০১.২৩.০০৮.১৮

তারিখ-০১ মার্চ ২০২১

সম্মানিত প্রবাসী সুহৃদবৃন্দ,

আসসালামু আলাইকুম। স্বাধীনতার ৫০তম বছরে বাংলাদেশকে স্বল্পোন্নত দেশের কাতার থেকে উন্নয়নশীল দেশে উত্তীর্ণ হওয়ার সুপারিশ করেছে জাতিসংঘের 'উন্নয়ন নীতিমালা কমিটি'। এক্ষেত্রে ০৩-টি সূচক, যথাঃ জাতীয় আয়, অর্থনৈতিক ঝুঁকি সামাল দেওয়ার সক্ষমতা, এবং মানব সম্পদ উন্নয়ন---প্রত্যেকটিতেই প্রভূত উন্নতি করেছে বাংলাদেশ। ২০২৬ সালে বাংলাদেশ একটি উন্নয়নশীল দেশে পরিণত হবে। সম্মানিত প্রবাসীগণ এই অভূতপূর্ব অর্জন ও আন্তর্জাতিক স্বীকৃতির অবিচ্ছেদ্য অংশীদার। তাঁদের প্রতি জানাই বিনম্র শ্রদ্ধা ও সম্মান।

অগ্নিবরা মার্চের শুরুতে রয়েছে ঐতিহাসিক ৭ই মার্চ। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ১৯৭১ সালের এই দিনে প্রকৃতঅর্থে বাংলাদেশের স্বাধীনতা ঘোষণা করেন। দূতাবাস যথাযথ মর্যাদায় দিবসটিকে পালন করবে। সম্ভবতঃ পোল্যান্ড সরকারের কোভিড সংক্রান্ত বিভিন্ন নিষেধাজ্ঞার কারণে সকলকে দূতাবাসে আমন্ত্রণ জানানো সম্ভব হবে না। আমরা সর্বশেষ হালানাগাদ তথ্যের জন্য অপেক্ষা করছি। যথাশীঘ্র সম্ভব ঐতিহাসিক ৭ই মার্চ পালনের তথ্য অবহিত করা হবে।



আপনাদের সার্বক্ষণিক সেবায়,
বাংলাদেশ দূতাবাস, ওয়ারশ